দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

## CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ০৩/২০১৭ তারিখঃ ০৪/০১/২০১৭খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি,

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক বন্দর অভ্যন্তরে যৌথভাবে পরিচালিত টেম্পো টোকেন ফি ১লা অক্টোবর ১৯৯২ খ্রিঃ হইতে নতুন নিয়ম-নীতিতে আদায় হইয়া আসিতেছে। এতদ্‌বিষয়ে আমাদের প্রচার পত্র নং ৭৬/৯২ তারিখ ১৩/৯/৯২ খ্রিঃ ও ৭৭/৯২ (বিঃ দ্রঃ-১) তারিখঃ ১৯/৯/৯২ খ্রিঃ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে। টেম্পো টোকেন ফি আদায়ে প্রবর্তিত নিয়ম নীতি অনুযায়ী আপনাদের সহযোগিতা কামনায় নিম্নলিখিত বিষয়গুলি জানানো যাইতেছে, যাহা সকলের জন্য বাধ্যতামূলক। বিভিন্ন সময়ে যে সমস্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হইয়াছে তাহা নিম্নরূপ ঃ-

১। প্রতিটি জেটি সরকার লাইসেন্সের বিপরীতে টেম্পো টোকেন গ্রহণ বাধ্যতামূলক।

২। প্রতি বৎসর ২৮শে ফেব্রুয়ারীর (অধি বর্ষ হইলে ২৯শে ফেব্রুয়ারী) মধ্যে উক্ত সালের টেম্পো টোকেন নবায়ন/সংগ্রহ করিতে হইবে। এই ক্ষেত্রে কাস্টম এজেন্সী বুকলেট/কাস্টম সরকার লাইসেন্স নবায়নের অপেক্ষায় থাকিলে উক্ত শর্ত আরোপিত হইবে না।

৩। কোন জেটি সরকার লাইসেন্সের বিপরীতে পূর্ববর্তী বৎসরের টোকেন ফি বকেয়া থাকিলে তাহা চলতি সাল পর্যন্ত আদায়যোগ্য। নির্দিষ্ট সময় অতিক্রান্ত হওয়ার পর (২৮শে ফেব্রুয়ারী অধি বর্ষ হইলে ২৯শে ফেব্রুয়ারী) জেটি সরকার লাইসেন্স বাতিল করিলে হালসন পর্যন্ত বকেয়াসহ টোকেন ফি আদায়যোগ্য। জেটি সরকার লাইসেন্স যখনই বাতিল হউক না কেন বকেয়া থাকিলে অবশ্যই আদায়যোগ্য।

৪। নির্দিষ্ট সময়ের মধ্যে টেম্পো টোকেন নবায়ন/সংগ্রহ না করিলে প্রচলিত নিয়মের ভিত্তিতে ১লা মার্চ, ২০১৭ খ্রিঃ হইতে টেম্পো টোকেন নবায়নের ক্ষেত্রে প্রতি টোকেন ৫০/- (পঞ্চাশ) টাকা এবং ১ লা এপ্রিল, ২০১৭ খ্রিঃ হইতে ১০০/- (একশত) টাকা বিলম্ব ফি ধার্য করা হইবে (টেম্পো সার্ভিস মোবাইল উপ-কমিটির ২৮/২/৯৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক)। তবে ২৬/০২/০২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত নির্বাহী পরিষদ সভার সিদ্ধান্ত অনুযায়ী জেটি সরকার / মালিক লাইসেন্স নবায়নের ক্ষেত্রে মালিক/অংশীদার/পরিচালকের কাস্টম এজেন্সী বুকলেট/কাস্টম সরকার লাইসেন্স লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক নবায়নের ১ (এক) মাসের মধ্যে টেম্পো টোকেন নবায়ন না করিলে প্রতিটি টেম্পো টোকেন নবায়নের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা বিলম্ব ফি পরিশোধ করিতে হইবে।

৫। সম্পূর্ণ নতুন এজেন্সী লাইসেন্স/কাস্টম সরকার লাইসেন্স এর বিপরীতে জেটি সরকার লাইসেন্স ইস্যু হইলে সেই ক্ষেত্রে টেম্পো টোকেনের জন্য কোনরূপ জরিমানা আদায়যোগ্য নহে।

৬। বাতিলকৃত জেটি সরকার লাইসেন্সের পরিবর্তে অন্য প্রতিষ্ঠানের নামে নতুন জেটি সরকার লাইসেন্স ইস্যু করিলে সেইক্ষেত্রে বাতিলকৃত জেটি সরকার লাইসেন্সের টোকেন ফি বকেয়া থাকিলে তাহা বকেয়াসহ ২০১৬ সাল পর্যন্ত আদায়যোগ্য এবং ইস্যুকৃত নতুন জেটি সরকার লাইসেন্সের ক্ষেত্রে ১নং বিধান প্রযোজ্য হইবে।

৭। টেম্পো টোকেনের বকেয়া টাকা ১৯৮৮ সাল হইতে আদায়যোগ্য (যাহার ক্ষেত্রে প্রযোজ্য)।

( ক্রমশঃ------২)

৮। যে কোন সম্মানিত সদস্য/সদস্যা লিখিতভাবে অনুরোধ জানাইয়া টেম্পো টোকেন ফি জমা দিয়া জেটি সরকার লাইসেন্স ব্যতীত সহকারী অথবা সম্পৃক্ত কর্মচারীর জন্যও টেম্পো টোকেন সংগ্রহ করিতে পারিবেন। তবে মেয়াদান্তে অথবা প্রয়োজন না থাকিলে টোকেন ফেরত প্রদান করিতে হইবে।

৯। (ক) বিনা টোকেন/অনবায়নকৃত টোকেনে বন্দর অভ্যন্তরে টেম্পোতে যাতায়াত অবৈধ।

(খ) টেম্পো টোকেন হস্তান্তর নিষিদ্ধ।

(গ) মেয়াদ শেষে বা প্রয়োজন না থাকিলে টেম্পো টোকেন ফেরত প্রদান করিতে হইবে। ইহার ব্যতিক্রম ঘটিলে সি এন্ড এফ এজেন্টস্ এসোসিয়েশন, বন্দর কর্তৃপক্ষ এবং সি এন্ড এফ কর্মচারী ইউনিয়নের প্রতিনিধি সমন্বয়ে গঠিত স্থায়ী মোবাইল উপ-কমিটি কর্তৃক ধার্যকৃত দন্ড ফি আদায়যোগ্য এবং তাহা টেম্পো পরিচালনা ফান্ডে জমা হইবে।

১০। টেম্পো টোকেন ফি যে মাসে ব্যাংকে জমা দিবেন সেই মাসে অবশ্যই টেম্পো টোকেন সংগ্রহ/নবায়ন করিতে হইবে অথবা সংগ্রহ করিতে না পারিলে ব্যাংকের জমা রশিদটি টেম্পো পরিচালনা দপ্তরে জমা দিলে পরবর্তীতে টোকেন সংগ্রহ করিতে পারিবেন।

১১। বিগত ০৪/০৫/২০১৬ইং তারিখে অনুষ্ঠিত এসোসিয়েশনের ২৯তম বার্ষিক সাধারণ সভায় টেম্পো টোকেন গ্রহন/নবায়ন বাবদ ৪ (চার) বছরের জন্য ১,০০০/- (এক হাজার) টাকার স্থলে ১,৬০০/- (এক হাজার ছয়শত) নির্ধারণ করা হয়েছে। এ বর্ধিত টেম্পো টোকেন ফি ২০১৬ সাল হতে কার্যকর করা হয়।

১২। যে সকল কাস্টম এজেন্সী/সরকার লাইসেন্স কাস্টমস্ কর্তৃপক্ষ কর্তৃক ৫(পাঁচ) বছরের জন্য মেয়াদ নির্ধারণ করিবেন সেই সকল লাইসেন্স গ্রহন/নবায়নের ক্ষেত্রে টেম্পো টোকেন ফি ২,০০০/- (দুই হাজার) টাকা পরিশোধ করিতে হইবে।

১৩। যে সকল এজেন্সী/ সরকার লাইসেন্স কাস্টমস্ কর্তৃপক্ষ কর্তৃক ১ (এক) বছরের জন্য মেয়াদ নির্ধারণ করিবেন সেই সকল জেটি সরকার লাইসেন্স টোকেন ফি ৪০০/- (চারশত) টাকা এবং ২ (দুই) বছর মেয়াদের জন্য ৮০০/- (আটশত) টাকা ও ৩(তিন) বছর মেয়াদের জন্য ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা পরিশোধ করিতে হইবে।

১৪। যে সকল এজেন্সী/লাইসেন্স আদালতে মামলা প্রক্রিয়াধীন থাকিলে সেই সকল জেটি সরকার লাইসেন্সের বিপরীতেও টেম্পো টোকেন প্রচলিত নিয়মে গ্রহন করিতে হইবে।

১৫। বিগত ৩০/০৩/২০১১ ইং তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী পরিষদের ৫৭তম সভায় অত্র এসোসিয়েশনের সদস্য সি এন্ড এফ এজেন্ট এর শুধুমাত্র মালিকগণের টেম্পো টোকেন গ্রহণ বাধ্য বাধ্যকতা শিথিল করা হয়েছে। ইহার প্রেক্ষিতে সদস্য সি এন্ড এফ এজেন্টের মালিকদের জেটি লাইসেন্স নবায়নকালে ২০১১ইং সাল হইতে টেম্পো টোকেন ফি প্রযোজ্য হইবে না।

স্বাক্ষরিত/-

**মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)**
সাধারণ সম্পাদক
চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড
ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

প্রচার পত্র নং- ০৩/২০১৭